



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
হিসাব ও অর্থ বিভাগ  
১৬, আবদুল গণি রোড, ঢাকা।  
Web: www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৭৪.২০.৫২৩.১৮. ১৭২৪

তারিখ: ০৫/১০/২০২১ খ্রি:

বিষয়: প্রাতিষ্ঠানিক খাতে অর্থ বরাদ্দ।

সূত্র: আপনার কার্যালয়ের স্মারক নং-২৬০ ও ২৬১ তারিখ: ০৫/০৯/২০২১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ১৪৮-খাদ্য মন্ত্রণালয়ের অধীন সাধারণ কার্যক্রমের অন্তর্ভুক্ত প্রাতিষ্ঠানিক ও পরিচালন কোড নং-১৪৮০২০৭-০০০০০০ এর নিম্নবর্ণিত অর্থনৈতিক কোড ও খাতের বিপরীতে প্রদর্শিত অর্থ ২০২১-২০২২ অর্থ বৎসরের জন্য নির্দেশক্রমে আপনার অনুকূলে বরাদ্দ প্রদান করা হলো। বরাদ্দকৃত অর্থ হতে গত অর্থ বৎসরের বকেয়া বিল (যদি থাকে) পরিশোধযোগ্য।

কোড নং	খাতের নাম	বরাদ্দকৃত অর্থের পরিমাণ
৩২১১১১৭	ইন্টারনেট/টেলিফোন/ফ্যাক্স	৬,০০০ (ছয় হাজার) টাকা মাত্র
৩২১১১২০	টেলিফোন	২০,০০০ (বিশ হাজার) টাকা মাত্র
৩২৪৪১০২	বদলী ব্যয়	১০,০০০ (দশ হাজার) টাকা মাত্র
৩২৫৫১০২	মুদ্রণ ও বাঁধাই	১০,০০০ (দশ হাজার) টাকা মাত্র
৩২৫৬১০৬	পোশাক	১,০৯,০০০ (এক লাখ নয় হাজার) টাকা মাত্র
	মোট=	১,৫৫,০০০ (এক লাখ পঞ্চাশ হাজার) টাকা মাত্র

উল্লেখ্য যে, আসবাবপত্র (ক্রয়) খাতে ৯৯,০০০/-টাকার চাহিদা প্রেরণ করা হয়েছে। চাহিদাপত্রে ক্রয়তব্য আসবাবপত্রের বিবরণে শুধুমাত্র কাঠের আসবাবপত্র ক্রয়ের কথা উল্লেখ করা হয়েছে। চাহিদাপত্রের বর্ণনা যথার্থ যুক্তিযুক্ত প্রতীয়মান না হওয়ায় বরাদ্দ প্রদান করা হলো না। এমতাবস্থায় আসবাবপত্র (ক্রয়) খাতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীর পদ অনুযায়ী প্রাপ্য আসবাবপত্র উল্লেখপূর্বক পুন: চাহিদা প্রেরণের জন্য অনুরোধ করা হলো। ভূমি উন্নয়ন কর খাতে ০৯/০৯/২০২১ খ্রি: তারিখের ৬৩০(৪৫৭) নং স্মারকে ৬১০০/-টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। ভ্রমণ ব্যয় খাতে অনুমোদিত ভ্রমণ বিলের ফটোকপিসহ পুন: চাহিদা প্রেরণের জন্য অনুরোধ করা হলো। কম্পিউটার মেরামত খাত এবং অনুষ্ঠান/উৎসবাদি খাতে যথাযথ যৌক্তিকতা না থাকায় বরাদ্দ প্রদান করা হলো না। একইসাথে বরাদ্দকৃত অর্থ দ্বারা সরকারি প্রচলিত আর্থিক বিধি-বিধান অনুসরণ করে ব্যয় নির্বাহের জন্য এবং মাসিক প্রতিস্বাক্ষরিত খরচের হিসাব বিবরণী পরবর্তী মাসের ১০(দশ) তারিখের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

  
০৫/১০/২০২১

(মো: শেখ আসাদুজ্জামান)

সহকারী উপপরিচালক

ই-মেইল: adbudget@dgfood.gov.bd



০৪/১০/২০২১

সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা, বালকাঠি খাদ্য গুদাম-১ এলএসডি, বালকাঠি।

স্মারক নং-১৩.০১.০০০০.০৭৪.২০.৫২৩.১৮. ১৭২৪/১(৬)

তারিখ: ০৫/১০/২০২১ খ্রি:

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। বরাদ্দপত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ জানানো হলো।

২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা।

৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বালকাঠি।

  
০৫/১০/২০২১

(মো: শেখ আসাদুজ্জামান)

সহকারী উপপরিচালক



০৪/১০/২০২১